

বাংলা
সাহিত্যে
দলিত
শ্রেণি

সম্পাদনা

ড. গীতিকা পণ্ডা, দেবাশিস বিশ্বাস, সৌকত আলি সা

ড. অর্থিতা মণ্ডল, দেবব্রত রাজ

অসীম অক্ষয়

শিশু ভাষা

Title : Bangla Sahitye Dalit Shreni

(A Collection of Essays)

Editors Name : Dr. Gitika Panda, Debasish Biswas, Sawkat Ali Sha,

Dr. Arthita Mandal, Debabrata Raj

Published by Kamalesh Nanda on behalf of KABITIKA

Publisher's Address : Kharagpur, Midnapore, West Bengal

e-mail : kabitika10@gmail.com Mob : 98321 30048

Web : www.kabitika.in

Printer's Details : Kabitika, Rajdanga Main Road, Kolkata- 700107

Edition Details : I

Cover Design : Kamalesh Nanda

Publication Date : 21.02.2022

Copyright © Subarnarekha Mahavidyalaya

ISBN : 978-93-91309-50-3

Price : Rs. 400

বাংলা সাহিত্যে দলিত সম্প্রদায়ের বহিঃপ্রকাশ : একটি চুলচেরা বিশ্লেষণ
ড. কথাকলি বন্দ্যোপাধ্যায় ১০৩

Mahesh Unearths the Untold Story of the Wretched
People (Dalit) of Bengal
Sanjay Das ১০৭

দলিতের সাতকাহন : নলিনী বেরার 'শবরচরিত'
সুশান্ত বেরা ১১৩

দলিত ও দলিত সাহিত্য : সংক্ষিপ্ত আলোচনা
অভয় পাইন ১২২

লোকছড়ায় প্রতিফলিত দলিত শ্রেণিচিত্র
মহম্মদ ওমর ১২৫

বাংলা কথাসাহিত্যে ব্রাত্যসমাজ
ড. নির্মল কুমার বর্মণ ১৩৮

রবীন্দ্র-ছোটগল্পে দলিত প্রসঙ্গ
সুদীপ্ত চৌধুরী ১৪৩

শবরদের জীবন ও জীবন সংকট : মহাশ্বেতা দেবীর 'ব্যাধখণ্ড' অবলম্বনে
শ্রী খোকন সিং ১৫৫

বাংলা কথাসাহিত্যে ব্রাত্যসমাজ

ড. নির্মল কুমার বর্মণ

আদিবাসী মানে হচ্ছে আদিম অধিবাসী বা জাতি। এই উপেক্ষিত জাতি সম্প্রদায়ের বাংলা কথাসাহিত্যের পাতায় উজ্জ্বল উপস্থিতির সংক্ষিপ্ত আলোচনা। বাংলা সাহিত্যের জন্মসূত্রে কিন্তু আদিবাসী অন্ত্যজ শ্রেণীর ব্রাত্য মানুষের চালচিত্র ফুটেছে চর্যাপদে। তারপরে 'শ্রীচৈতন্যচরিতামৃত' গ্রন্থে ও মঙ্গলকাব্যে আদিবাসী জনমানসের ছবি পরিস্ফুট। রবীন্দ্রনাথ, নজরুল, বুদ্ধদেব, সমর সেন ইত্যাদি কবির কবিতাতে আদিবাসী ব্রাত্য মানুষের জীবন ছবি লক্ষণীয়। শক্তি চট্টোপাধ্যায়ের কবিতাতে আদিবাসী মানুষ ও সমাজ পুঙ্খানুপুঙ্খভাবে প্রস্ফুটিত। উদাহরণস্বরূপ রবীন্দ্রনাথের 'একটি সাঁওতাল মেয়ে' কবিতাটি ও শক্তি চট্টোপাধ্যায়ের 'টিলার উপর সেই বাড়িটির কথা' কবিতা বিশেষভাবে উল্লেখযোগ্য।

উপন্যাস সাহিত্যে বাংলার স্কট বঙ্কিমচন্দ্র, কিন্তু বঙ্কিমের লেখনীতে আদিবাসী জনজীবন নেই। পরের কথাসাহিত্যিক রবীন্দ্রনাথের ব্রাত্যজনের প্রতি গভীর ভালোবাসা ছিল। 'পল্লী প্রকৃতির' (১৩৪৬) অভিভাষণে রবীন্দ্রনাথ পরিষ্কার বলেছেন— "সেখানকার (শান্তিনিকেতন) মানুষ যারা সাঁওতাল— সত্যপরতায় তারা ঋজু এবং সরলতায় তারা মধুর। ভালোবাসি তাদের আমি।" বস্তুতঃ স্বদেশ ও স্ব-সমাজের সাধারণ নিম্নবর্গ কৃষক বা অন্ত্যজ পতিত শ্রেণির প্রতি রবীন্দ্রনাথের ছিল অগাধ সহমর্মিতাবোধ। 'ছিন্ন পত্রাবলী' (১৮৯৩)-তে প্রজাদের প্রতি অকৃত্রিম ভালোবাসার কথা ব্যক্ত করেছেন। রবীন্দ্রনাথের 'চতুরঙ্গ', 'গোরা' প্রভৃতি উপন্যাসে, 'অনধিকার প্রবেশ', 'মুসলমানীর গল্প', 'মেঘ ও রৌদ্র', 'উলুখড়ের বিপদ', 'হালদার গোষ্ঠী', 'সমস্যাপূরণ' প্রভৃতি ছোট গল্পে প্রত্যক্ষভাবে আদিবাসী ব্রাত্য সমাজ জীবন চিত্রিত না হলেও শ্রেণি সংগ্রামে এই অন্ত্যজ শ্রেণিভুক্ত মানুষের চিত্র সন্মিলিতভাবে ফুটে উঠেছে।

ঔপন্যাসিক শরৎচন্দ্রের কথাসাহিত্যের পাতায় বর্ণ বৈষম্য জনিত অবহেলিত ব্রাত্যশ্রেণি অর্থনৈতিক ক্ষেত্রে পতিত শ্রেণিরূপে চিহ্নিত শোষিত ও নিপীড়িত প্রজা সাধারণের চিত্র তুলে ধরেছেন। তাছাড়া পুঁজিবাদী সমাজে শোষিত শ্রমিক, পতিতা, ভৃত্য,